


প্রকাশ : ৫ জানুয়ারি, ২০১৭ ২০:১২
আপডেট : ৫ জানুয়ারি, ২০১৭ ২২:৪৯

অনলাইন
ভার্সন

Share
প্রিন্ট করুন 

'কিছু মানুষ ঘোলা পানিতে মাছ শিকার করতে চায়'

| অনলাইন ডেস্ক



ডিএনসিসি মার্কেটে অগ্নিকাণ্ডের ঘটনায় সমালোচনার জবাবে ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক বলেছেন, কিছু মানুষের অন্যরকম স্বার্থ জড়িত রয়েছে। তারা ঘোলা পানিতে মাছ শিকার করতে চায়।

বৃহস্পতিবার ডিএনসিসি নগর ভবনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি একথা বলেন।

মেয়র ব্যবসায়ীদের আশ্বস্ত করে বলেন, আমরা আপনাদের প্রতিপক্ষ নই। আমরা বন্ধু, শত্রু নই। আমাদের ওপর আস্থা রাখুন, আপনাদের জন্য যা যা করা দরকার সককিছু সিটি করপোরেশন থেকে করা হবে। অগ্নিকাণ্ডের ব্যাপারে তদন্ত কমিটিতে ব্যবসায়ীদের প্রতিনিধি থাকবে বলেও জানান ডিএনসিসি মেয়র।

আনিসুল হক বলেন, প্রতিনিয়ত রাজধানীর বিভিন্ন মার্কেট ও মহল্লায় আগুন লাগছে। এটি আমাদের জন্য অশনি সংকেত। শহরকে এভাবে জ্বলতে দেয়া যায় না। ঢাকার প্রতিটি বাড়ি-কর্মস্থলকে নিরাপদ করতে হবে। এতে যদি স্বল্পকালীন ব্যবসায়িক স্বার্থ ত্যাগ করতে হয়, যদি বৃহত্তর স্বার্থের দিকে তাকিয়ে দোকানপাট-আবাসনের জায়গাটি সংস্কার করতে হয় তবে তাই করতে হবে।

এ সময় ডিএনসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা মেসবাহুল ইসলাম, ওয়ার্ড কাউন্সিলর মফিজুর রহমান ও গুলশান ডিসিসি মার্কেটের ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীরা উপস্থিত ছিলেন।

বিডি প্রতিদিন/৫ জানুয়ারি, ২০১৭/ সালাহ উদ্দীন